গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি সেল

‘Knowledge Repository with the Water Sector Related Information’ প্রকল্পের Software Development কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	মোহাম্মদ লুৎফুর রহমান যুগ্মসচিব
সভার তারিখ	০৩/০৪/২০২৩
সভার সময়	দুপুর ১২.০০ ঘটিকা
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ
উপস্থিতি	'ক' তালিকা সংযুক্ত

সভাপতি উপস্থিত সকল সদস্যকে সভায় স্বাগত জানান। তিনি বলেন, ২০৪১ সালের উন্নত বাংলাদেশ বিনির্মাণে ডাটা সাইন্স এর ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ প্রেক্ষিতে ‘Knowledge Repository with the Water Sector Related Information’ পানি সম্পদ খাতে বিদ্যমান সকল তথ্যের একটি সম্ভার হিসেবে কাজ করবে। এই সফটওয়ার এর বিষয়ভিত্তিক তথ্য উপস্থাপনা, তথ্য হালনাগাদকরণে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর-সংস্থার সক্রিয় অংশগ্রহণ আবশ্যক। অতঃপর, সভাপতি আলোচ্যসূচি অনুসারে বক্তব্য উপস্থাপনের জন্য CEGIS এর প্রতিনিধিকেকে অনুরোধ জানান।

২. এরপর, সভায় উপস্থিত দপ্তর-সংস্থা পর্যায়ের প্রতিনিধিগণ স্ব স্ব প্রতিষ্ঠানের চাহিদার আলোকে সার্বিক মতামত তুলে ধরেন।

৩. অতঃপর, সভাপতি তাঁর প্রযুক্তিভিত্তিক জ্ঞান ও কর্মঅভিজ্ঞতার আলোকে সি জি আই এস এর উপস্থাপনার উপর তাঁর পর্যবেক্ষণ তুলে ধরেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	Artificial Intelligence based search option: Artificial Intelligence এর প্রয়োগ ঘটিয়ে নলেজ রিপোসিটরি সফটওয়ার এর বিষয়ভিত্তিক সার্চ অপশনকে আধুনিকায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	CEGIS
২.	ডোমেইন ও সাব ডোমেইন এর নাম নির্ধারণ: বিষয়বস্তুর সাথে প্রাসঙ্গিক ছোট, আকর্ষনীয় Domain Name এর প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। যেমন - ..... mowr.gov.bd	BWDB/WARPO/JRC/ RRI/ Department of Haor & Wetland/CEGIS/IWM
৩.	ডোমেইন রেজিস্ট্রেশন: বাংলাদেশ সরকারের প্রচলিত নীতিমালা অনুসরণপূর্বক BTCL এর নির্ধারিত ফরম পূরণ করতঃ সরকারি ডোমেইনে অর্থাৎ .gov.bd এর মাধ্যমে ডোমেইন রেজিস্ট্রেশন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সিস্টেম এনালিস্ট, পাসম
৪.	Software Hosting: BWDB এর ডাটা সেন্টারে Knowledge Repository Software Hosting এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র সিস্টেম এনালিস্ট, BWDB / CEGIS

৫.	User Acceptance Test: প্রতি দপ্তর হতে ১ জন ফোকাল পয়েন্ট নির্ধারণপূর্বক নাম, পদবী, ইমেইল, মোবাইল নম্বর মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট UAT সম্পাদনপূর্বক আগামী ৯/০৪/২০২৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে লিখিত ফিডব্যাক প্রদানপূর্বক তা ইমেইল প্রেরণ করবেন।	BWDB/WARPO/JRC/ RRI/ Department of Haor & Wetland/IWM
৬.	Software Quality Testing Center: Bangladesh Computer Council এর Software Quality Testing Center (SQTC) এ পত্র প্রেরণপূর্বক Knowledge Repository Software টির Security Test সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়।	সিস্টেম এনালিস্ট, পাসম/ CEGIS
৭.	User Training Session: CEGIS অবিলম্বে Knowledge Repository Software এর User Training Session আয়োজন করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	CEGIS
৮.	Load capacity: বর্তমানে Knowledge Repository Software এর Load capacity ১০ হাজার ইউজার আর ১ হাজার জন At a Time user নির্ধারণ করা আছে। একটি লাইভ চেকের মাধ্যমে Load capacity confirmation করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র সিস্টেম এনালিস্ট, BWDB / CEGIS
৯.	Document Upload Guideline: সাম্প্রতিক সময়ে আপলোডকৃত তথ্য যচাইয়ে দেখা যায় যে, Knowledge Repository Software এর উদ্দেশ্যের সাথে সংগতিপূর্ণ নয় এরূপ তথ্য আপলোড করা হয়েছে। এ প্রবণতা পরিহারের লক্ষ্যে Document Upload Guideline প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়।	সিনিয়র সহকারী সচিব, RM&PR, MoWR
১০.	Document Validation Committee: Knowledge Repository Software এ আপলোডযোগ্য তথ্য যাচাইকরণের নিমিত্ত প্রতিটি সংস্থা/দপ্তরে ফোকাল পয়েন্ট কর্মকর্তার সমন্বয়ে ৩ সদস্যের কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	BWDB/WARPO/JRC/ RRI/ Department of Haor & Wetland/IWM
১১.	Software Design: Knowledge Repository Software এর look & Feel (যেমন- ফন্ট সাইজ, ফন্ট টাইপ, কালার ইত্যাদি) অধিকতর ব্যবহারকারি বান্ধব ও দৃষ্টিনন্দন করার লক্ষ্যে Software Design এ দক্ষ UI &UX Designer এর সহায়তা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	CEGIS
১২.	User manual: Knowledge Repository Software এর TOR অনুসারে দ্রুত User manual প্রস্তুত সম্পন্ন করে তা পরীক্ষান্তে চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	CEGIS
১৩.	Old Data uploading: প্রতিটি সংস্থা/দপ্তর পানি সম্পদ ব্যবস্থাপনায় গৃহীত কার্যক্রমের আদি ডকুমেন্টসমূহ খুঁজে বের করে তার চেকলিস্ট প্রনয়নপূর্বক তদানুসারে Knowledge Repository Software এ আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। এ লক্ষ্যে সকল দপ্তর/ সংস্থাকে তৎপর ভূমিকা পালনের অনুরোধ জানান হয়।	BWDB/WARPO/JRC/ RRI/ Department of Haor & Wetland/IWM
১৪.	Compliance Report: Knowledge Repository Software এর TOR অনুসারে প্রতিটি অনুচ্ছেদভিত্তিক Compliance Report আগামী ২০ এপ্রিল/২০২৩ তারিখের মধ্যে মন্ত্রনালয়ে প্রেরন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	CEGIS

সভায় আর কোন আলোচ্য বিষয় উপস্থাপিত না হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

মোহাম্মদ লুৎফুর রহমান
যুগ্মসচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৪৮.০৫.০০২.২০.৩২

তারিখ: ২২ চৈত্র ১৪২৯
০৫ এপ্রিল ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২) মহাপরিচালক , বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
৩) মহাপরিচালক , পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
৪) মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট
৫) সদস্য, সদস্য এর দপ্তর , যৌথ নদী কমিশন, বাংলাদেশ
৬) যুগ্মসচিব, রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি সেল, পানি সম্পদ মন্ত্রণালয়
৭) যুগ্ম সচিব, উন্নয়ন-২ অধিশাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
৮) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
৯) প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয়
১০) নির্বাহী পরিচালক, সি ই জি আই এস, ঢাকা
১১) নির্বাহী পরিচালক, আই ডব্লিউ এম, উত্তরা, ঢাকা

মেহরুবা ইসলাম
সিনিয়র সহকারী সচিব